



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/3/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**মার্কিন বিচার বিভাগকে (U.S. DEPARTMENT OF JUSTICE) ব্রুকলিন ফেডারেল কারাগারে  
নাগরিক অধিকার লঙ্ঘনের প্রতিবেদন তদন্ত করতে বলে গভর্নর কুওমোর বিবৃতি**

"সমস্যাपूर्ण কিছু প্রতিবেদন পাওয়া গেছে যে ফেডারেল সরকার ব্রুকলিনের মেট্রোপলিটন ডিটেনশন কেন্দ্র (Metropolitan Detention Center) এক হাজারের বেশি কয়েদিকে সাব-জিরো তাপমাত্রায় তাপ, গরম পানি বা বিদ্যুৎ ছাড়া রেখেছে। নিউ ইয়র্কে কারো এই ভয়ে থাকা উচিত না যে তারা অন্ধকারে একা ঠাণ্ডায় জমে মরে যাবে।

এই অভিযোগগুলি মানব সৌজন্য ও মর্যাদার লঙ্ঘন। এছাড়াও এর ফলে সম্ভাব্য আইন লঙ্ঘনের প্রশ্ন উঠে। সকল মানুষকে সেবা প্রদান করার জন্য সরকারের একটি মৌলিক দায়িত্ব আছে এবং ফেডারেল কারাগার ব্যুরোকে (Federal Bureau of Prisons) এই দায়িত্ব পালন করতে হবে। আমি উত্তর চাই, এবং দায়ীদের জবাবদিহি করতে হবে এবং যাতে পুনরায় না ঘটে তা নিশ্চিত করতে হবে।

আজকে আমি মার্কিন বিচার বিভাগকে অবিলম্বে মেট্রোপলিটন ডিটেনশন কেন্দ্রের (Metropolitan Detention Center) পরিস্থিতি তদন্ত করে দেখতে বলছি। কেন্দ্রে তাপ, গরম পানি ও বিদ্যুৎ বহাল রাখতে এবং এই সমস্যার জন্য দায়ী ব্যক্তিদের খুঁজে পেতে তদন্ত করতে প্রয়োজনীয় যেকোনো সাহায্য প্রদানে নিউ ইয়র্ক স্টেট প্রস্তুত।

নিউ ইয়র্কের কয়েদিরা মানুষ। তাদের সাথে সেভাবেই ব্যবহার করা উচিত।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)